

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৪২

আগরতলা, ১৩ সেপ্টেম্বর, ২০১৭

**শারদোৎসবের সময় রাজধানী এক্সপ্রেস ও
বিশেষ ট্রেন সার্ভিস চালাতে পরিবহণ মন্ত্রীর চিঠি**

শারদোৎসবের সময় রেলওয়ে কর্তৃপক্ষ যাতে আগরতলা- কলকাতা- আগরতলা, আগরতলা- ধর্মনগর- আগরতলা রুটে বিশেষ ট্রেন সার্ভিস চালু করে সেজন্য রাজ্যের পরিবহণ মন্ত্রী মানিক দে কেন্দ্রীয় রেলমন্ত্রী পিযুষ গোয়েলের হস্তক্ষেপ চেয়েছেন। একই সঙ্গে তিনি ওই সময় রাজধানী এক্সপ্রেস চালুরও দাবী জানিয়েছেন। গতকাল রেলমন্ত্রী শ্রী গোয়েলের কাছে লেখা এক পত্রে পরিবহণ মন্ত্রী মানিক দে বলেন, ২৭ সেপ্টেম্বর ২০১৭ থেকে শারদোৎসব শুরু হচ্ছে যা দীপাবলীর মধ্য দিয়ে ১৯ অক্টোবর শেষ হচ্ছে। এটা হচ্ছে এমন একটা উৎসব যার জন্য ধর্ম, বর্ণ, ভাষার উর্ধ্বে ওঠে রাজ্য এবং দেশের অন্যান্য জায়গার সমস্ত অংশের মানুষ নিজেদের মত করে আনন্দ উৎসবে মেতে ওঠার জন্য গভীর আগ্রহ ভরে তাকিয়ে থাকেন। এই দিনগুলিতে বর্তমানে চলা যাত্রীবাহী ট্রেন চালানোর পাশাপাশি অতিরিক্ত আরও ট্রেন চালানোর জন্য জনসাধারণের কাছ থেকে দাবী ওঠেছে। একই সঙ্গে রাজধানী এক্সপ্রেসকে রাজ্যের সঙ্গে যুক্ত করা রাজ্যবাসীর একটি দীর্ঘ দিনের দাবী। রাজ্যবাসী চাইছেন শারদোৎসবের আগেই এই সার্ভিস চালু করতে। পূজোর সময় রাজ্যের অভ্যন্তরে এবং বহিঃ রাজ্যে যাবার জন্য মানুষের মধ্যে ব্যস্ততা বেড়ে যায় বলে পরিবহণ মন্ত্রী শ্রী দে তার পত্রে উল্লেখ করেন। তিনি বলেন, এই সময় বিভিন্ন কাজে রাজ্যের বিভিন্ন প্রান্তে এবং বহিঃরাজ্যে মানুষ ছুটে যান। ফলে রেলের টিকিটের চাহিদাও বেড়ে যায়। আগরতলা-ধর্মনগর-আগরতলা এবং আগরতলা-কলকাতা-আগরতলা রুটে বিশেষ ট্রেন সার্ভিস চালানো হলে তা পর্যটনের বিকাশও ত্বরান্বিত করবে বলে পরিবহণ মন্ত্রী তাঁর পত্রে উল্লেখ করেন। একই সঙ্গে তিনি বলেন, রাজধানী এক্সপ্রেস চালু হলে তা রাজ্যবাসীর দীর্ঘদিনের দাবী পূরণ করবে।

D.N